



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন : ০২-২২৩৩৫৪০২৫

ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২১-২০২২/১৩৯৪

তারিখঃ ২৬-০৪-২০২২ খ্রিঃ

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকারী ও সাপ্তাহিক ছুটিকালীন সময়ে  
ব্যাংকের সার্বিক নিরাপত্তা জোরদারকরণ প্রসংগে।

আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকারী ও সাপ্তাহিক ছুটিকালীন সকল শাখা/কার্যালয়কে নিরাপত্তা ও সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ/পরিপালন নিশ্চিত করতে হবে।

- ১.১) সরকারী ছুটিসহ সাপ্তাহিক ছুটি শুরুর পূর্বের কার্যদিবসে প্রতিটি শাখা নগদ তহবিল ধারণসীমা সর্বনিম্ন পর্যায়ে সংরক্ষণ করবেন। অতিরিক্ত তহবিল (প্রয়োজ্য ক্ষেত্রে) ফিডার শাখায়/সোনালী ব্যাংক/বাংলাদেশ ব্যাংকে জমা রাখতে হবে। কোন অবস্থাতেই ধারণসীমার অতিরিক্ত নগদ তহবিল সংরক্ষণ করা যাবে না;
- ১.২) শাখার সার্বিক নিরাপত্তার ক্ষেত্রে শাখায় নিয়োজিত প্রহরী/বেসরকারী নিরাপত্তা প্রহরীদের মধ্যে অফিস আদেশের মাধ্যমে ছুটির দিনসহ অন্যান্য সময়ের জন্য সুনির্দিষ্টভাবে দায়িত্ব বন্টন করে দিতে হবে, যাতে পালক্রমে (প্রতি শিফট ৮ ঘন্টা) দিনরাত ২৪ ঘন্টা শাখা/কার্যালয়ের যথাযথ নিরাপত্তা নিশ্চিত হয়। শাখায় নিয়োজিত প্রহরী/বেসরকারী নিরাপত্তা প্রহরীদের ডিউটি রেজিস্টারে তাদের স্বাক্ষর নিতে হবে এবং শাখার ২য় কর্মকর্তা বিষয়টি মনিটরিং করে হাজিরা রেজিস্টারে প্রতিস্বাক্ষর করবেন। নিরাপত্তা প্রহরীদের পালক্রমে ২৪ ঘন্টা শাখায় দায়িত্ব পালনে কোন ব্যত্যয় বা অনুপস্থিতিজনিত কারণে উদ্ভূত পরিস্থিতির জন্য শাখা ব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা সরাসরি দায়ী হবেন;
- ১.৩) নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত প্রহরীদের ডিউটি পালন আকস্মিক যাচাইয়ের জন্য শাখার ব্যবস্থাপক/২য় কর্মকর্তা এবং অন্য কর্মকর্তাদের মধ্যে সুনির্দিষ্টভাবে অফিস আদেশের মাধ্যমে তারিখ ভিত্তিক দায়িত্ব বন্টন করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সরেজমিনে আকস্মিক পরিদর্শনকালে প্রহরীদের ডিউটি রেজিস্টারে তারিখ, সময় উল্লেখসহ মন্তব্য লিপিবদ্ধ করবেন। সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক এবং মহাব্যবস্থাপক নিবিড় তদারকি করে নিরাপত্তা সংক্রান্ত সকল ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবেন;
- ১.৪) শাখার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত প্রহরীদের পূর্ণাঙ্গ ঠিকানা, মোবাইল নম্বর এবং সদ্য তোলা ১(এক) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি শাখা ব্যবস্থাপক নিজ হেফাজতে সংরক্ষণ করবেন। নিরাপত্তার দায়িত্ব তদারককারী কর্মকর্তাগণ প্রহরীদের মোবাইল নম্বর, নিকটস্থ থানার ফোন নম্বর এবং ফায়ার সার্ভিসের ফোন নম্বর সংরক্ষণ করবেন। প্রত্যেক প্রহরীকে তাদের ফোন নম্বরসহ নিকটস্থ থানার ফোন নম্বর প্রদান করবেন;
- ১.৫) শাখার সকল দরজা-জানালা যথাযথভাবে বন্ধ নিশ্চিত করতে হবে এবং নৈশকালে শাখার অভ্যন্তরে ও বাহিরে নিরাপত্তা বাধ জ্বালিয়ে রাখতে হবে। ব্যাংকের নিরাপত্তা ঘন্টা এবং সিসিটিভি (যদি থাকে) সার্বক্ষণিকভাবে সচল রাখতে হবে;
- ১.৬) শাখার অভ্যন্তরে কোন পরিচিতজন/আত্মীয়/বহিরাগতকে যেন ঢুকতে দেয়া না হয়, সে ব্যাপারে প্রহরীদেরকে সতর্ক করতে হবে। ছুটিকালীন সময়ে প্রহরী কোন অবস্থাতেই দরজা খোলা রেখে নিকট কিংবা দুরে যেতে পারবে না;
- ১.৭) ব্যাংকের বিধি মোতাবেক শাখার ভল্টের স্ব স্ব আলাদা চাবি শাখা ব্যবস্থাপক, ২য় কর্মকর্তা ও কোষাধ্যক্ষের নিজ নিজ দায়িত্বে নিরাপদ হেফাজতে সংরক্ষণ করবেন;

চলমান পাতা-০২

- ১.৮) মুখ্য অঞ্চল ও অঞ্চল প্রধানগণ এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণ শাখা ভ্রমণকালে নিরাপত্তা সংক্রান্ত সার্বিক বিষয়াদি মনিটরিং করবেন;
- ১.৯) বেসরকারী নিরাপত্তা প্রহরীদের দায়-দায়িত্ব সম্পর্কে প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট বিভাগের বিগত ০৮-১১-২০১৬ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/প্রকিউর-১০(৫)অংশ-৩/২০১৬-২০১৭/৩১৪ এর নির্দেশনা অনুসরণপূর্বক শাখা/ কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা বিধানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০২। এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনা যথাযথ পরিপালনপূর্বক ছুটিকালীন সময়ে শাখা/কার্যালয়ের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নিরাপত্তার বিষয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির কারণে শাখা/ কার্যালয়ে চুরি/ডাকাতি কিংবা অঘটন/ দুর্ঘটনা সংঘটিত হলে এর দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং নিয়ন্ত্রণকারী কর্মকর্তা/ কর্তৃপক্ষের উপর বর্তাবে।



(জামিল হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)

বিতরণঃ


- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৩। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৪। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২১-২০২২/১৩৯৪

তারিখঃ ২৬-০৪-২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।  
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।  
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।  
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।  
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।  
০৭। নথি/মহানথি।



(বিপুল চন্দ্র সরকার)  
মুখ্য কর্মকর্তা